



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dms@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

"দুটি সপ্তাহের বেশী নয় একটি হলে ভাল হয়"

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৭-৬৩৫(১)

তারিখ : ৩১/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : ৪ রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ৩৫১৫০ মেট্রন আমদানীকৃত সিদ্ধ চালের চলাচল সূচি।

চট্টগ্রাম বন্দরে আগত জাহাজ MV. THAI BINH BAY এবং MV. DIAMOND জাহাজদ্বয় হতে ৩৫১৫০ মেট্রন আমদানীকৃত সিদ্ধ চাল জাহাজ খালাসের স্বার্থে এবং ভিজিডি, ভিজিএফ, ইপি/ওপি, খাদ্যবান্ধব সহ বিভিন্ন খাতে চাহিদা পূরণের লক্ষ্যে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ৩৫১৫০ মেট্রন আমদানীকৃত সিদ্ধ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না এবং অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে সূচি বর্হিভূত কোন কেন্দ্রে খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৪। প্রতি ট্রাক/বার্জে এ প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৫। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময় পাঠাতে হবে।
- ৬। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ, প্রাপ্তি ও ডি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন কেন্দ্রে থেকে বিনির্দেশ বর্হিভূত/নিম্নমানের চাল প্রেরণ করা হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গৃহীত হবে।
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্রে থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স মারফতে অধিদপ্তরকে প্রেরণ করতে হবে।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুকে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১১। এই সূচির মেয়াদ আগামী ১৫/০৯/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১২। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।

২৪
(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক
ফোন : ০২-৯৫৫১৪২৮
তারিখ : ৩১/০৮/২০১৭ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৭-৬৩৫/১(১৫০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিমহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সর্ববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ চট্টগ্রাম/সিলেট।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক.....।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।
- ৮। ই-মেইলে প্রেরণ।
- ৯। অফিস কপি।

৩১/০৮/১৭
উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

৩১/৮/১৭

